

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০১৭

আমবাসা, ১৮ সেপ্টেম্বর, ২০২৩

**এমজিএন রেগায় মনু ব্লকে ৮,৫৪,০০৬ শ্রমদিবস সৃষ্টি**

এমজিএন রেগায় চলতি অর্থবছরে ধলাই জেলার মনু ব্লকে ৮ লক্ষ ৫৪ হাজার ৬ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এই কর্মসূচিতে ব্লক এলাকায় কর্মসংস্থানের পাশাপাশি স্থায়ী সম্পদ সৃষ্টি করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১৮ কোটি ১০ লক্ষ ৪৯ হাজার টাকা। ব্লকে গড়ে ৪৫.৮২ শ্রমদিবসের কাজ হয়েছে। তাছাড়া জেলার ছামনু ব্লকে এমজিএন রেগায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৫ লক্ষ ৯৬ হাজার ৭১৭ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১২ কোটি ৬৫ লক্ষ ৪ হাজার টাকা। ব্লকে গড়ে ৫৩.৫০ শ্রমদিবসের কাজ হয়েছে। ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*